# Class 9-10 • English 2nd Paper • Grammar Rules and Practice

## Item—Preposition and Appropriate Preposition

**• Position কী?**

Pre শব্দের অর্থ পূর্বে এবং Position শব্দের অর্থ অবস্থান। যে Word Noun বা Pronoun- এর পূর্বে বসে সেই Noun বা Pronoun- এর সঙ্গে বাক্যের অন্যান্য Word- এর সঙ্গে সম্পর্ক স্থাপন করে তাকে Preposition বলে।

যেমন—There is a cow in the field. এখানে in Preposition এবং তা Cow এবং field- এর মধ্যে সম্পর্ক স্থাপন করেছে।

**• Preposition- এর শ্রেণি বিন্যাস :**

1. Simple Preposition: এ কটি Word দ্বারা গঠিত Prepositionই হলো Simple Preposition যেমন : In, On, by, at, with, ইত্যাদি।
2. Double Preposition: দুটি Simple Preposition যুক্ত হয়ে Double Preposition- এর মতো ব্যবহৃত হয়। যেমন : Within (with+in), into (in+to)
3. Compound Preposition: Noun, adjective বা adverb- এর পূর্বে Simple Preposition যুক্ত হয়ে যে Preposition গঠিত হয় তাকে Compound Preposition বলে। এখানে On এর স্থানে a এবং by এর স্থানে b বা be হয়। যেমন : about (on+by+out), below (by+low)
4. Phrase Preposition: দুই বা ততোধিক Preposition (বাWord) একত্রে Phrase Preposition গঠন করে। যেমন : In front of, In order to , In lieu of ইত্যাদি।
5. Participle Preposition: Participle of verb (Present or past) কখনো কখনো Preposition- এর মতো ব্যবহৃত হয়। যেমন : I saw the people walking past him.
6. Disguised Preposition: অনেক ক্ষেত্রে লক্ষ্য করা যায় on, at, of, Preposition- এর পরিবর্তে a বা o ব্যবহৃত হয়। এরূপ a বা o কে Disguised Preposition বলে।
7. Special Preposition: Than ও but মূলত Conjunction হলেও কখনো আবার Preposition রূপে ব্যবহৃত হয়। তখন তাদের Special Preposition বলে। যেমন : Iam older than her.
8. Verbal Preposition: এই জাতীয় Preposition Verb- এর পূর্বে যুক্ত হয়ে নতুন Verb গঠন করে। যেমন : Overlook (Over+look), Withdraw (with+draw).

**<- - - - Preposition ব্যবহারের নিয়ম- - - ->**

**• At এর ব্যবহার :**

১। অবস্থান বুঝাইতে নাম উল্লেখিত ছোট স্থানের আগে যেমন— গ্রাম, এলাকা, মহল্লা ও ছোট শহরের আগে at বসে। যেমন— at Baratengra, at Chashara

২। সময় বুঝাইতে at বসে। যেমন— I go to bed at 10 o' clock.

৩। অবস্থা বুঝাইতে at বসে। যেমন— The country is at war now.

৪। হার / গতি বুঝাইতে at বসে। যেমন— Iffat was driving the car at 100 kilometers per hour.

৫। দায়িত্ব বুঝাইতে at বসে। যেমন— You must repair it at your own cost.

৬। দূরত্ব বুঝাইতে at বসে। যেমন— Barguna is at 50 kilometers from here.

৭। বয়স বুঝাইতে at বসে। যেমন— He lost his father at 10.

৮। দিক বুঝাইতে at বসে। যেমন— He pointed the gun at him.

এই শব্দগুলোর পর at বসে : arrive, astonished, annoyed, envy, fire, knock,

shame, smile, laugh, surprised, louch, wonder, alarm, jeer.

● To এর ব্যবহার :

১। কোন স্থানে আসা এবং যাওয়া বুঝালে ঐ স্থানের আগে to বসে। যেমন— i. He goes to school everyday. ii. He came to Bangladesh in 1971.
বিঃদ্রঃ আসা এবং যাওয়া বুঝালেও home, abroad, here, there এর আগে to বসে না।
ব্যতিক্রমঃ From here to there.

২। বাক্যে V+তে / র = to+V1. যেমন— i. He told me to read a book. ii.I have nothing to give you.

৩। ব্যক্তির কাছে বুঝালে তার আগে to বসে। যেমন— He came to me.

৪। অনুসারে বুঝাতে to বসে।যেমন— The food is to me test.

৫। সীমানার বাইরে বুঝাতে to বসে।যেমন— Japan is to the east of our country.

৬। পর্যন্ত বুঝাতে to বসে।যেমন— They fought to the last.

৭। পরিমাণ / হার বুঝাতে to বসে।যেমন— There are 2.54 c.m. to an inch.

এই শব্দগুলোর পর to বসে: incline, harmful, beneficial, injurious, according, accustomed, add, admit, adjacent, affectionate, attend, bar, cling, belong, close, commit, common, known, confined, congenial, contrary, dedicate, devote, expose, exceptional, yeld, grateful, hostile, indebted, introduced, irrelevant, liable, loyal,object, prefer, preferable, senior,junior, superior,talk, inferior, prone, refer, reply, speak, lead, eager,willing.

● In এর ব্যবহার :

১। কোন বিষয় বা ভাষায় বুঝালে তার আগে in বসে। যেমন— in English, in Accounting, in Arabic.

২। বড় স্থান বুঝাতে in বসে। যেমন— We live in Dhaka.

৩। সময়ের ক্ষেত্রে ( মাস / বছর / ঋতুর নাম ) বুঝাতে in বসে। যেমন— We get freedom in December in 1971.

৪। ক্ষেত্র বুঝাতে in বসে। যেমন— I am unable to help you in this regard.

৫। অবস্থা বুঝাতে in বসে। যেমন— He is in a good health.

৬। বিবেচনা বুঝাতে in বসে। যেমন— You have to do it in your own interest.

৭। পেশার ক্ষেত্র বুঝাতে in বসে। যেমন— He has been in politics.

৮। মাধ্যম বুঝাতে in বসে। যেমন— You have to pay the bill in cash.

৯। অনুপাতের ক্ষেত্র বুঝাতে in বসে। যেমন— In England, one in three enters higher education.

এই শব্দগুলোর পর in বসে: expert, excel, indulge, succeed, believe, assist, interested, consist (নিহিত অর্থে), lie, encourage, grory, persist, rich, trade.

● For এর ব্যবহার :

১। সময়ের আগে ধরে / যাবৎ / ব্যাপিয়া বুঝাইতে for বসে। যেমন— It has been raining for two hours.

২। জন্য বুঝাইতে for বসে। যেমন— What can I do for you?

৩। সাহায্য অর্থে বুঝাইতে for বসে। যেমন— Would you please do it for me?

৪। কারন বুঝাইতে for বসে। যেমন— Rajshahi is famous for its mangoes.

৫। সমর্থন বুঝাইতে for বসে। যেমন— Are you for the proposal?

৬। মূল্য বুঝাইতে for বসে। যেমন—I bought this pen for 20 taka.

৭। বিনিময় বুঝাইতে for বসে। যেমন— You will get a coupon for every 100 taka you pay.

এই শব্দগুলোর পর for বসে : compensate, ask, affection, appetite, bound, care, desire, long, fit, search, seek, thirst, zeal, zest.

● From এর ব্যবহার :

১। কারো নিকট হইতে অথবা কোন স্থান হইতে বুঝাইলে from বসে। যেমন—
আমার নিকট হইতে = from me.
ঢাকা থেকে = From Dhaka.
i. The man come from abroad.
ii. Don't get down from a running bus.

এই শব্দগুলোর পর from বসে : refrain, resist, obstrain, prohibited, protect, prevent, preserve, aloof, deferent, suffer.

● Of এর ব্যবহার

১। সম্পর্ক বুঝাতে of বসে। যেমন— I know nothing of it.
২। অধিকার / মালিকানা বুঝাতে of বসে। যেমন— It is the house of Mr. Khan.
৩। উৎপন্ন / উদ্ভুত অর্থ বুঝাতে of বসে। যেমন— He comes of a respectable family.
৪। উপকরণ বুঝাতে of বসে। যেমন— The house is made of stone.
৫। কারণ বুঝাতে of বসে। যেমন— The young boy of cholera.

এই শব্দগুলোর পর of বসে : fond, sure, conscious, aware, inform, proud, boast, capable, deprieve, devoid, accused, charged, advantage, dull, afraid, approve, bereft, cause, consist(গঠিত অর্থে), cure, in the habit, in favour, envious, fear, full, ignorant, get rid, jealous, shortage.

● On এর ব্যবহার :

১। নদীর তীরে বুঝাতে on বসে। যেমন— Dhaka is on the Buriganga.
২। কোন কিছুর উপরে সংলগ্ন বুঝাতে on বসে। যেমন— The book is on the table.
৩। Floor এর সংখ্যা বুঝাতে on বসে। যেমন— The office is on the 4th floor.
৪। সীমানার উপর বুঝাতে on বসে। যেমন— The Buriganga is on the south of Dhaka.
৫। বার / তারিখের পূর্বে এবং দিবসের আগে বুঝাতে on বসে। যেমন— He will come back on Sunday on the 5th May.
৬। সম্বন্ধে বুঝাতে on বসে। যেমন— He wrote an essay on the cow.
৭। নির্ভরতা বুঝাতে on বসে। যেমন— We live on rice.
৮। অনুসারে বুঝাতে on বসে। যেমন— He has taken leave on medical advice.
৯। সময়ের বর্ণনা বুঝাতে on বসে। যেমন— The river looks beautiful on a moonlit night.

এই শব্দগুলোর পর on বসে : congratulate, comment, pride, rely, bestowed, insist, determined, depend, impose, reflect, take pity.

● By এর ব্যবহার :

১। কোন উপায় বা পদ্ধতির মাধ্যমে বুঝাইতে তার আগে by বসে। যেমন— By hard labour.
২। পাশে বুঝাতে by বসে। যেমন— He sat by me.
৩। মাধ্যম বুঝাতে by বসে। যেমন— Nipu achieved success by determination.
৪। পথ অর্থে বুঝাতে by বসে। যেমন— I shall travel by road.
৫। শপথ নেয়া বুঝাতে by বসে। যেমন— I swear by almighty Allah.
৬। Passive Form- এ by বসে। যেমন— The work was done by me.

৭। পরিমাপ বুঝাতে by বসে। যেমন— The room is 12 feet by 10 feet.
৮। সময়(সুনির্দিষ্ট) বুঝাতে by বসে। যেমন— He will come back by 5 pm.
৯। হার বুঝাতে by বসে। যেমন— They are improving day by day.
১০। কারো সম্পর্কে জানতে অর্থ বুঝাতে by বসে। যেমন— He is an American by birth.
১১। যানবাহনে ভ্রমণ বুঝাতে by বসে। যেমন— We went to Khulna by bus.

এই শব্দগুলোর পর by বসে : accompanied, affected, judge.

● With এর ব্যবহার :

১। সাথে বুঝাতে with বসে। যেমন— He came with me.
২। দ্বারা / দিয়া বুঝাতে with বসে। যেমন— I killed the snake with a stick,
৩। কারণ with বসে। যেমন— The shadow lengthened with the approach of the sun.

এই শব্দগুলোর পর with বসে : burden, cope, keep, up, keep pace, acquitted, angry, annoy, beset, blessed, covered, compare(ব্যক্তির সাথে হলে with কিন্তু জিনিসের সাথে হলে to), content, familiar, invest, popular, reward.

● Off এর ব্যবহার :

১। নির্দিষ্ট স্থান থেকে দূরে কিংবা সময়ের ব্যবধান বোঝাতে off ব্যবহৃত হয়। যেমন : (a) I called him but he ran off. (b) Summer is not far off now.
২। কোনো কিছু দূরীভূত হয়েছে বোঝাতে off ব্যবহৃত হয়। যেমন : (a) Take your shoes off. (b) He has had his beard shaved off.
৩। বন্ধ কিংবা বাতিল বোঝাতে off ব্যবহৃত হয়। যেমন : The ceremony is off. The switch of the fan has been made off.
৪। কর্ম থেকে দূরে বা ছুটি বোঝাতে off ব্যবহৃত হয়। যেমন : (a) She is off today. (b) I have got three days off next week.

● Into এর ব্যবহার :

১। গতিশীলতা বুঝাতে into বসে। যেমন— The teacher entered into the class room.
২। অবস্থার পরিবর্তন বুঝাতে into বসে। যেমন— Water is changed into snow.
৩। সংঘর্ষ বুঝাতে into বসে। যেমন— The truck crashed into a parked car.
৪। সংখ্যায় ভাগ হওয়া বুঝাতে into বসে। যেমন— They were divided into three groups.
৫। নির্দেশ বুঝাতে into বসে। যেমন— Speak clearly into the microphone.

● Above এর ব্যবহার :

১। উপরে বুঝাতে above বসে। যেমন— The water came above our knees.
২। অবস্থান বুঝাতে above বসে। যেমন— The sun is above our head now.
৩। পরিমাণে বুঝাতে above বসে। যেমন— Present temperature is above average.
৪। এতটাই সৎ / ভালো বুঝাতে above বসে। যেমন— Hemani is above suspicion.
৫। অতিমাত্রা বুঝাতে above বসে। যেমন— I couldn't hear him above the noise of the traffic.

● About এর ব্যবহার :

১। সম্পর্কে / বিষয়ে বুঝাতে about বসে। যেমন— I knew something about it.
২। চারদিকে বুঝাতে about বসে। যেমন— The runners were running about the circle.
৩। উপলক্ষ বুঝাতে about বসে। যেমন— He came here about the marriage ceremony.

৪। প্রায় / কাছাকাছি বুঝাতে about বসে। যেমন— He has lost about 1 lac taka.

● After এর ব্যবহার :

১। পরে বুঝাতে after বসে। যেমন— He came after me.
২। অসংখ্যবার বুঝাতে after বসে। যেমন— I've told him time after not to do that.
৩। পিছনে পিছনে বুঝাতে after বসে। যেমন— They run after the thief.
৪। ব্যাপক সময় বুঝাতে after বসে। যেমন— He returned home after a month.
৫। ঠিক পরবর্তী কোন কিছু বুঝাতে after বসে। যেমন— Issa is the tallest after Mimi.
৬। মোটের উপর বুঝাতে after বসে। যেমন— After all, he is a good boy.
৭। বিপরিত ঘটনা বুঝাতে after বসে। যেমন— The house is pleasantly cool after the extreme heat outside.

● Before এর ব্যবহার :

১। পূর্বে বুঝাতে before বসে। যেমন— He came before lunch.
২। সম্মুখে / সামনে বুঝাতে before বসে। যেমন— He stood before me.
৩। তূলনামূলক ভাবে আগে / বিশেষ গুরুত্ব বুঝাতে before বসে। যেমন— He puts his work before everything.

● Among এর ব্যবহার :

১। কিছুর মধ্যে( চারদিক বেষ্টিত ) বুঝাতে among বসে। যেমন— There is a house among the trees.
২। দু'য়ের অধিকের মধ্যে বুঝাতে among বসে। যেমন— Divided the mangoes among the three boys.

● Within এর ব্যবহার :

১। সময়ের মধ্যে বুঝাতে within বসে। যেমন— He will come back within a month.
২। সামর্থ্যের মধ্যে বুঝাতে within বসে। যেমন— We should live within our means.

● Over এর ব্যবহার :

১। উপর বুঝাতে over বসে। যেমন— There is a bridge over the river.
২। পারাপার বুঝাতে over বসে। যেমন— They run over the glass.
৩। সমগ্র / সারা অর্থ বুঝাতে over বসে। যেমন— They have traveled over the world.
৪। বিপরিত পাশ বুঝাতে over বসে। যেমন— They live over the road.
৫। অধিক বুঝাতে over বসে। যেমন— He was in America for over a month.
৬। উপরস্থ কর্মকর্তা বুঝাতে over বসে। যেমন— He has a director over him.
৭। মাধ্যম বুঝাতে over বসে। যেমন— He talked over telephone.

● Under এর ব্যবহার :

১। নিচে বুঝাতে under বসে। যেমন— The ball is under the table.
২। ছোট / কম পরিমান / বয়স বুঝাতে under বসে। যেমন— i. He is under 20. ii. He earns under 5000.
৩। অধীনে আর্থ বুঝাতে under বসে। যেমন— The building is under construction.
৪। অবস্থা বুঝাতে under বসে। যেমন— He is under sentence to death.

● Between এর ব্যবহার :

১। দুইয়ের মধ্যে বুঝাতে between ব্যবহৃত হয়। যেমন— i. He stood between his two brothers. ii.Divide the mango between two sisters.

● Without এর ব্যবহার :

১। ছাড়া অর্থ বুঝাতে without ব্যবহৃত হয়। যেমন— i. He found the place without difficulty. ii.We can't live without water.

● Beyond এর ব্যবহার :

১। পিছনে / অপরদিক অর্থ বুঝাতে beyond বসে। যেমন— The road continues beyond the villages up into the hills.

২। সময়ের পরে বুঝাতে beyond বসে। যেমন— It won't go on beyond midnight.

৩। সাধ্যের বাইরে বুঝাতে beyond বসে। যেমন— The car was beyond repair.

● Since এর ব্যবহার :

১। 'হইতে' অর্থে poinr of time এর পূর্বে since বসে। যেমন— since 1971, since Sunday, since June.

● Beside এর ব্যবহার :

১। পাশে বুঝাতে by এর মত beside বসে। যেমন— beside me, beside the man, beside you.

● Through এর ব্যবহার :

১। ভিতর / মধ্য দিয়ে বুঝাতে Through বসে। যেমন— through the forest, through struggle.

● Across এর ব্যবহার :

১। আড়াআড়ি ভাবে / অপর পার্শ্বে বুঝাতে across বসে। যেমন— i. Go across the street, ii. My house is just across the road.

● Off এর ব্যবহার :

১। দূ রে / বিচ্ছিন্ন অর্থে off বসে। যেমন—
i. Be off from here,
ii. Swithch the fan off.

● Below এর ব্যবহার :

১। নিম্নে বর্নিত, নির্দিষ্ট পরিমাণ বা সংখ্যা কম,পর্যায়ের নিচে বুঝাতে across বসে। যেমন— i. My particulars are given below. ii. Rahim has got below 80% marks. iii. He lives below middle class status.

● Down এর ব্যবহার :

১। উপর থেকে নিচের দিকে বুঝাইতে down বসে। যেমন— The boy has fallen down from the roof

● Up এর ব্যবহার :

১। নিচ থেকে উপরের দিকে বুঝাইতে up বসে। যেমন— i. Go up the hill. ii. Climb up the tree.

● Besides এর ব্যবহার :

১। এছাড়াও বুঝাইতে besides বসে। যেমন—I have another pen besides this.